

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা

স্মারক নং-৪৫.০০.০০.০০.১৩৯.২০.০১৯.২০১৮/ ২০০

তারিখঃ ১২-০২-২০১৯খ্রিঃ


পরিপত্র

বিষয়ঃ পরিচালন (অনুময়ন) বাজেটে বরাদ্দকৃত অর্থ দ্বারা ক্রয়কার্য সম্পন্ন করার জন্য ক্রয় পরিকল্পনা প্রণয়ন।

সরকারি ক্রয় আইন, ২০০৬-এর ধারা ১১(২) এবং সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮ এর বিধি ১৬(৭) ও ১৬(৯) অনুযায়ী পরিচালন (অনুময়ন) বাজেট থেকে পণ্য, কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন, ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদন এবং ক্রয় পরিকল্পনা প্রকাশ বাধ্যতামূলক হওয়া সত্ত্বেও তা যথাযথভাবে অনুসরণ হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়।

২। এমতাবস্থায়, পরিচালন (অনুময়ন) বাজেটের অধীনে প্রাপ্ত বরাদ্দ দ্বারা ক্রয় কার্য সম্পন্ন করার জন্য সরকারি ক্রয় আইন, ২০০৬ ও সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮ সহ অন্যান্য আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতি জরুরী।


(ড.মোঃ এনামুল হক)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রয় অনুসারে নহে):

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ ঔষধ প্রশাসন অধিদপ্তর/ নার্সিং ও মিডিয়াইফারী অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা (পরিপত্রটি তাঁর অধিনস্থ দপ্তর/সংস্থার নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। পরিচালক (সকল) -----
- ৭। উপসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ, মহাখালী, ঢাকা।
- ৯। ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন সেগুন বাগিচা, ঢাকা।
- ১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৩। ✓ সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।